

এমপিওভুক্তদেরও ১ জুলাই থেকে নতুন স্কেলে বেতন

<p>নিজস্ব প্রতিবেদক •</p> <p>সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মতো বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরাও গত ১ জুলাই (বকেয়াসহ) থেকে নতুন স্কেলে বেতন পাবেন। কোন প্রক্রিয়ায় তাদের বেতন দেওয়া হবে, অর্থ মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের পর্যালোচনার পর, এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হবে।</p> <p>গতকাল সোমবার মন্ত্রিসভায় নতুন পে-স্কেল অনুমোদিত হয়। সেখানে এমপিওভুক্ত (বেতন বাবদ মাসে আর্থিক অনুদান) শিক্ষক-কর্মচারীদের বিষয়টিও অন্তর্ভুক্ত। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ডুইএগা বলেন, পর্যালোচনা ও পরীক্ষা-নিরীক্ষার জন্য হয়তো তাঁদের (এমপিওভুক্ত</p>	<p>পর্যালোচনার পর প্রজ্ঞাপন</p>	<p>শিক্ষক-কর্মচারী) একটু অপেক্ষা করতে হবে।</p> <p>বর্তমানে দেশের প্রায় ৯৮ শতাংশ শিক্ষা কার্যক্রম পরিচালিত হয় বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে। প্রায় ৩০ হাজার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় পৌনে ৫ লাখ শিক্ষক-কর্মচারী এমপিওভুক্ত। তারা সরকার থেকে মূল বেতন পান। পাশাপাশি কিছু ভাতাও পান। নতুন স্কেলে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন দেওয়া হলে ২০১৫-১৬ অর্থবছরে অতিরিক্ত লাগবে প্রায় ১ হাজার ৬৫০ কোটি টাকা।</p> <p>গত মে মাসে বেতন স্কেল-সংক্রান্ত সচিব কমিটি প্রতিবেদন জমা দেওয়ার পর থেকে এমপিওভুক্ত</p>
--	--	---

এরপর পৃষ্ঠা ৪ কলাম ৮

এমপিওভুক্তদেরও

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষক-কর্মচারীরা নতুন স্কেলে কবে থেকে বেতন পাবেন, তা নিয়ে অস্পষ্টতা ছিল। কারণ, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নতুন বেতন স্কেল গত ১ জুলাই থেকে বাস্তবায়নের ঘোষণা দিলেও এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বিষয়ে স্পষ্ট কোনো ঘোষণা দেয়নি। অর্থ মন্ত্রণালয়ের একটি সূত্র বলেছে, পর্যালোচনা করে ১ ছয় মাস পর এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের নতুন স্কেলে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা ছিল।

এদিকে ১ জুলাই থেকে বেসরকারি শিক্ষক-কর্মচারীদেরও নতুন স্কেলে বেতন দেওয়ার ঘোষণা দেওয়ার দাবিতে আন্দোলনে নামে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সংগঠনগুলো। গতকাল মন্ত্রিসভার বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত হওয়ায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা খুশি। শিক্ষক-কর্মচারী সংগঠনগুলো এ জন্য সরকারকে অভিনন্দন জানিয়েছে। গণমাধ্যমে সংবাদ বিজ্ঞপ্তি পাঠিয়ে সরকারকে অভিনন্দন জানানো সংগঠনগুলোর মধ্যে রয়েছে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট, বাংলাদেশ শিক্ষক সমিতির একাংশ, বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের একাংশ, বাংলাদেশ কলেজ-বিদ্যালয় শিক্ষক সমিতি, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ।